

দেশদুয়ার উপজেলা পরিষদের আগস্ট/২০২১ খ্রি: তারিখে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব দে: তাহমিনা হক,  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় : ১৮ আগস্ট ২০২১, বেলা ১১:০০ টা।

স্থান : সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : (স্বাক্ষরের ক্রমানুসারে)।

ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	দে: তাহমিনা হক	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।
০২	মো: কামরুল ইসলাম	চেয়ারম্যান, দেউলী ইউনিয়ন পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।
০৩	হানিফুজ্জামান লিটন	চেয়ারম্যান, পাথরাইল ইউনিয়ন পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।
০৪	মো: বেলায়েত হোসেন	চেয়ারম্যান, এলাসিন ইউনিয়ন পরিষদ, দেশদুয়ার, টাঙ্গাইল।
০৫	মো: আব্দুল বাছেদ	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দেশদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দেশদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দেশদুয়ার, টাঙ্গাইল আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃষ্টিকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।	উপজেলা প্রকৌশলী
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	উপজেলা প্রকৌশলী	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এ উপজেলা কমপ্লেক্স এর নন-গেজেটেড কোয়ার্টার, গেজেটেড ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন ১৯৮৬ সনে নির্মাণ করা হয়েছে। উক্ত কোয়ার্টারসমূহ অর্থ/বাজেট না থাকায় অদ্যাবধি বড় ধরনের মেরামত করা হয় নাই। কোয়ার্টারসমূহ মেরামত করা জরুরী প্রয়োজন।	দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী
৩	চেয়ারম্যান দেউলী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, দেউলী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান দেউলী ইউপি।
৪	চেয়ারম্যান পাথরাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পাথরাইল ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫	চেয়ারম্যান এলাসিন ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, এলাসিন ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বিভিন্ন রাজ্যগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান এলাসিন ইউপি।
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(দে: তাহমিনা হক)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি  
দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ : ১৮/০৮/২০২১ খ্রি:

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭- ১০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।



মো: আব্দুল বাহেদ  
উপজেলা প্রকৌশলী  
দেলদুয়ার, টাঙ্গাইল।